

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
পরিবেশ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৭৩.৩৭.০০১.২০১৪-৪৮—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক খরা ও লবণাক্ততা সহিষ্ণু এন্টিবায়োটিক মার্কার ফ্রি ট্রান্সজেনিক-IR 64 ধানের বীজ আমদানি এবং গ্রীন হাউজ ও স্ক্রীন হাউজে কনটেইনড কন্ডিশনে পরীক্ষা পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন প্রদান করা হলো :

সিদ্ধান্ত-২ :

- (১) খরা ও লবণাক্ততা সহিষ্ণু ধানের জাত প্রস্তুতের গবেষণাটি আমদানি থেকে শুরু করে কোন পর্যায়ে কি কি পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সম্পন্ন হবে এবং প্রতিটি ধাপে কী-কী বায়োসেফটি মেজারস্ গৃহীত হবে এবং তার মনিটরিং পদ্ধতির একটি রূপরেখা এনসিবি এবং বিসিসি-কে অবহিত করতে হবে।
- (২) বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অনুযায়ী বায়োসেফটি অনুযায়ী ট্রান্সবাউন্ডারি মুভমেন্ট এবং হ্যাণ্ডলিং সম্পন্ন করতে হবে।
- (৩) পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইনড গ্রীন হাউজ এবং কনটেইনড স্ক্রীন হাউজে সম্পন্ন করতে হবে।
- (৪) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (৫) পরীক্ষণাধীন অবস্থায় ট্রান্সজেনিক ধান বীজ বা পরীক্ষণাধীন অণুজীব বা এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মু শুকুর আলী

উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৭৪৩)

মূল্য : টাকা ৪.০০